

প্রেস বিজ্ঞপ্তি


নং- ৮০.২০০.০৫০.০০.০০.০৩৫.২০১৪-১৯৩

তারিখ : ০৩/১১/২০১৪ খ্রিঃ।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২৩/০৯/২০১৪ তারিখে কমিশন কর্তৃক জারিকৃত ৩৫তম বিসিএস পরীক্ষা-২০১৪ এর বিজ্ঞাপনের প্রেক্ষিতে আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়ের মধ্যে ২,৪৪,১০৭ জন প্রার্থী নির্ধারিত ফি প্রদান পূর্বক অনলাইনে আবেদনপত্র জমা দিয়ে প্রবেশপত্র গ্রহণ করেছেন। অতীতের সকল বিসিএস-এর চেয়ে ৩৫তম বিসিএস পরীক্ষায় সর্বোচ্চ সংখ্যক প্রার্থী আবেদনপত্র জমা দিয়েছেন। উল্লেখ্য, ৩৪তম বিসিএস পরীক্ষা-২০১৩ এর আবেদনকারী প্রার্থী সংখ্যা ছিল ২,২১,৫৭৫ জন। ৩৫তম বিসিএস পরীক্ষা-২০১৪ এর জন্য প্রাপ্ত ২,৪৪,১০৭ জন প্রার্থীর কেন্দ্রভিত্তিক সংখ্যা নিম্নরূপ :

কেন্দ্রের নাম	প্রার্থী সংখ্যা
ঢাকা	১,৫৫,২৪৪
রাজশাহী	২১,৮৭৩
চট্টগ্রাম	২০,৪৬৯
খুলনা	১৪,০৭৮
বরিশাল	৫,৭২৯
সিলেট	৯,৮৫৮
রংপুর	১৬,৮৫৬

সর্বমোট : ২,৪৪,১০৭


(আ.ই.ম.নেছার উদ্দিন)
পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার)।

নং- ৮০.২০০.০৫০.০০.০০.০৩৫.২০১৪-১৯৩

তারিখ : ০৩/১১/২০১৪ খ্রিঃ।

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। প্রধান তথ্য অফিসার, তথ্য মন্ত্রণালয়, ক্লিনিক ভবন, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
সকল দৈনিক সংবাদ পত্রে জরুরি ভিত্তিতে প্রকাশ করার জন্য এবং বেতার ও টেলিভিশন মারফত সংবাদ অনুষ্ঠানে ঘোষণার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে তাঁকে অনুরোধ করা যাচ্ছে। প্রেস বিজ্ঞপ্তির ২০(বিশ) টি অতিরিক্ত কপি সংযুক্ত করা হলো।
- ২। মুখ্য বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।
(বিষয়টি সংবাদ অনুষ্ঠানে ঘোষণা করতে এবং স্ক্রল নিউজ হিসেবে প্রচার করার জন্য তাঁকে অনুরোধ করা হলো।)
- ৩। বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা।
(বিষয়টি সংবাদ অনুষ্ঠানে ঘোষণা করতে তাঁকে অনুরোধ করা হলো।)
- ৪। বার্তা সম্পাদক,.....।
(বিষয়টি আপনার চ্যানেলে স্ক্রল নিউজ হিসেবে প্রচার করার জন্য অনুরোধ করা হলো।)
- ৫। জনসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় (প্রেস বিজ্ঞপ্তি সকল ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় প্রকাশের কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ৬। কমিশনের ওয়েবসাইট। সিনিয়র সিস্টেম এনালিস্ট সরকারী কর্ম কমিশনকে প্রেস বিজ্ঞপ্তিটি কমিশনের ওয়েবসাইট-এ আপলোড করার অনুরোধ করা হলো।